

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৩১৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ লেবাস-পোশাক

## আরবী

وَعَنْ أَبِي جُحَيفَةَ وَهْبِ بِنِ عَبدِ اللهِ قَالَ: رَأَيتُ النبيَّ عَلِيْ بِمِكَةَ وَهُوَ بِالأَبْطَحِ في قُبَّةٍ لَهُ حَمْرَاءَ مِنْ أَدَمٍ فَخَرَجَ بِلاَلٌ بِوَضُوئِهِ فَمِنْ نَاضِحٍ وَنَائِلٍ فَخَرَجَ النَّبِيُّ عَلِيْ وَعَلَيهِ حُلَّةُ حَمْرَاءُ كَأْنِي أَنْظُرُ إِلَى بَيَاضِ سَاقَيْهِ فَتَوَضَّا وَأَذَّنَ بِلاَلٌ فَجَعَلْتُ أَتَتَبَّعُ فَاهُ هَاهُنَا وَهَاهُنَا يَقُولُ يَمِيناً وَشِمَالاً: حَيَّ عَلَى الصَّلاَةِ حَيَّ عَلَى الفَلاَحِ ثُمَّ رُكِزَتْ لَهُ عَنزَةٌ فَتَقَدَّمَ فَصلَلَى يَقُولُ يَمِيناً وَشِمَالاً: حَيَّ عَلَى الصَّلاَةِ حَيَّ عَلَى الفَلاَحِ ثُمَّ رُكِزَتْ لَهُ عَنزَةٌ فَتَقَدَّمَ فَصلَلَى يَمُنْ بَيْنَ يَدَيْهِ الْكَلْبُ وَالْحِمَارُ لاَ يُمْنَعُ مِتفَقٌ عَلَيْهِ

## বাংলা

(৩৩১৬) আবৃ জুহাইফাহ অহাব ইবনে আব্দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম কে মক্কায় দেখলাম, যখন তিনি আবত্বাহ নামক স্থানে চর্মনির্মিত লাল রঙের শিবিরে অবস্থান করছিলেন। বিলাল তাঁর ওযূর পানি নিয়ে বাইরে বের হলেন। কিছু লোক (বরকত হাসিল করার জন্য) উক্ত পানির ছিটা পেল আর কিছু সংখ্যক লোক পানি পেল। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লাল রঙের জোড়া বস্ত্র পরিহিত অবস্থায় বাইরে এলেন। যেন আমি তাঁর দুই পায়ের গোছার শুল্রতা প্রত্যক্ষ করছি। অতঃপর তিনি ওযূ করলেন এবং বিলাল আযান দিলেন। আমি তাঁর এদিক ওদিক মুখ ফিরানো লক্ষ্য করছিলাম। তিনি ডানে ও বামে মুখ ফিরিয়ে 'হাইয়্যা আলাস স্থালাহ', 'হাইয়্যা আলাল ফালাহ' বলছিলেন। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য একটি বর্শা (সুতরাহ স্বরূপ) পুঁতে দেওয়া হল। তারপর তিনি সামনে এগিয়ে গেলেন এবং নামায পড়ালেন। তাঁর (সুতরার) সামনে দিয়ে কুকুর ও গাধা অতিক্রম করছিল। সেগুলোকে বাধা দেওয়া হচ্ছিল না।

## ফুটনোট

(বুখারী ৩৭৬, মুসলিম ১১৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ জুহাইফাহ (রাঃ)

 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=67064}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন